গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯,
কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর:২৪.০২.০০০০.০০০.০০০.৯৯.০০৬৬.২৬.১৮৫ তারিখ:২৩-০৮-২০২৬খ্রি:।

বিষয়: এস কে এস এ্যাপারেলস লিঃ, নামক কারখানার অনুকূলে ২য় এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদনপত্র নং-৯৭২, তারিখঃ ২০/০৮/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, এস কে এস এ্যাপারেলস লি:, অফিস: এস কে এস টাওয়ার (৬তলা), ভিআইপি রোড, ক্যান্টনমেন্ট, ঢাকা ও কারখানা: ৩১৩ (বর্তমান ৯/৩), হোল্ডা রোড, টঙ্গী, গাজীপুর, নামক শিল্প কারখানা হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত। যার প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা: আরএমজি/ইএক্সপি/০০০১৩৬১-২৫, তারিখ: ১৮/০৫/২০২৫ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: তৈরি পোশাক (নীট ও ওভেন)। কারখানাটির অনুকুলে জারিকৃত শিল্প আইআরসি নং-২৬০৩২৬১২০৬৪৭৯২৫, তারিখ: ১৭/০৮/২০২৫ খ্রি:। কারখানা কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশপত্রের জন্য এ অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে বর্ণিত কারখানার অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা অপরিবর্তিত রেখে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী তৈরি পোশাক (নীট ও ওভেন) শিল্প হিসেবে কারখানাটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর সকল বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন সাপেক্ষে এস কে এস এ্যাপারেলস লি:, এর অনুকুলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতিত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন স্বাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে ষান্মাসিক আমদানি স্বত্ব ২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৫,০০,০০,০০০/-(পাঁচ কোটি) টাকা অপরিবর্তিত রেখে ৫ম শ্রেণীর ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হলো।

০৩। উল্লেখ্য যে, এ সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করবে না।

মোঃ আব্দুস সালাম
উপ-পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত সচিব), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০০.৯৯.০০৬৬.২৬.১৮৫ (২) তারিখ: ১৫ ভাদ্র ১৪৩৩ / ৩০ আগস্ট ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

(২) সহকারী প্রোগ্রামার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

(৩) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), প্লট নং-২, গরীব-ই- নেওয়াজ এভিনিউ, সেক্টর-১৩, উত্তরা, ঢাকা।

(৪) ব্যবস্থাপনা পরিচালক, এস কে এস এ্যাপারেলস লি:, অফিস: এস কে এস টাওয়ার (৬তলা), ভিআইপি রোড, ক্যান্টনমেন্ট, ঢাকা ও কারখানা:

৩১৩ (বর্তমান ৯/৩), হোল্ডা রোড, টঙ্গী, গাজীপুর।
(৫) সহকারী পরিচালক, ওয়ানস্টপ সার্ভিস কেন্দ্র, বস্ত্র অধিদপ্তর, ঢাকা



মোঃ আব্দুস সালাম
উপ-পরিচালক